

■ তাওহীদের কালেমা: লা-ইলাহা ইল্লাল্লাহ [এর ফ্যীলত, অর্থ, শর্ত ও পরিপন্থী বিষয়]

বিভাগ/অধ্যায়ঃ ভূমিকা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

সকল প্রশংসা আল্লাহ তাআলার জন্য, যিনি সৃষ্টিকুলের রবা । আমি সাক্ষ্য দিচ্ছি যে, একমাত্র আল্লাহ ছাড়া কোনো সত্য ইলাহ নেই, তার কোনো শরীক নেই। আমি আরও সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ তার বান্দা ও রাসূল। আল্লাহ তার ওপর সালাত ও সালাম প্রেরণ করুন।

অতঃপর, বহ্মযাণ পুস্তিকায় সবচেয়ে বরকতময়, মহান, শ্রেষ্ঠ ও কল্যাণকর কালেমা 'লা-ইলাহা ইল্লাল্লাহ' এর ফ্যালত, মূলবক্তব্য, শর্ত ও পরিপন্থী বিষয়ক অতীব জরুরি সারসংক্ষেপকে অন্তর্ভুক্ত করা হয়েছে। পুস্তিকাটি মূলত আমার লিখা(فقه الأدعية والأذكار) গ্রন্থের একটি অধ্যায়। কতক বন্ধুর আগ্রহে বইটি স্বতন্ত্রভাবে প্রকাশ করা হলো, যেন তার ফায়েদা ব্যাপক হয় ও তা থেকে উপকৃত হওয়া সবার জন্য সহজ হয়। আল্লাহর নিকট প্রার্থনা করছি, তিনি এতে বরকত দান করুন এবং স্বীয় বান্দাদের থেকে যার জন্য ইচ্ছা করেন অত্র পুস্তিকাকে হিদায়াতের উসিলা করুন। আমাদের স্বাইকে তিনি সঠিক সোজা পথ প্রদান করুন, তাদের পথ যাদের ওপর নি'আমত দান করেছেন। যেমন, নবী, সিদ্দিক, শহীদ ও নেককার বান্দাগণ। বন্ধু হিসেবে তারাই সর্বোত্তম, আল্লাহ যথেষ্ট এবং তিনিই সর্বোত্তম অভিভাবক। আমাদের নবী মুহাম্মাদ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সকল সাথীদের ওপর আল্লাহ সালাত ও সালাম প্রেরণ করুন।

আব্দুর রাযযাক ইবন আব্দুল মুহসিন আল-বদর

• Source — https://www.hadithbd.com/books/link/?id=9479

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন